

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউট

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউট অনুপম প্রাকৃতিক পরিবেশে ঘেরা শহরের কেন্দ্রস্থল থেকে ০৫(পাঁচ) কিলোমিটার দূরে এবং বন্দর প্রশাসনিক বিল্ডিং ও বন্দর হাসপাতাল এর সন্নিহিত অবস্থিত। এটি নান্দনিক সৌন্দর্যের পাশাপাশি প্রশিক্ষণ, গবেষণা, আলোচনা ও সভা-সেমিনার অনুষ্ঠানের জন্য সুন্দর স্থান।

প্রশিক্ষণ ক্ষেত্রে বন্দর প্রশিক্ষণ ইনস্টিটিউটের আটত্রিশ বছরের অধিক ঐতিহ্য রয়েছে। চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক প্রত্যেক অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে চাহিদা অনুযায়ী যুগোপযোগী প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করা হয়ে থাকে। এতদব্যতীত বন্দর ব্যবহারকারীদের জন্য প্রয়োজন ভিত্তিক সংক্ষিপ্ত কোর্স, বন্দরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য রিফ্রেশার ও ওরিয়েন্টেশন কোর্স পরিচালনা করা হয়।

বন্দর প্রশিক্ষণ ইনস্টিটিউট দ্বারা পরিচালিত কোর্সের সাধারণ লক্ষ্য হচ্ছে পাঠ্যক্রম ও সেশন উন্নয়নের মাধ্যমে দক্ষ, গতিশীল, ফল-ভিত্তিক, জবাবদিহিমূলক ও যুগপযোগী মানব সম্পদ তৈরী করা। জুলাই/২০২০ ইং হতে ৩০ জুন/২০২১ ইং পর্যন্ত প্রশিক্ষণ ইনস্টিটিউটে ৫৪ টি কোর্সের মাধ্যমে ২০৮৪ জন কর্মকর্তা-কর্মচারীকে বিভিন্ন বিষয়ে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের মধ্যে একমাত্র চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষেই সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য ১৯৮০ সালে প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হয়। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউট বিভিন্ন সংস্থার কর্মকর্তা-কর্মচারী (যেমন মংলা বন্দর কর্তৃপক্ষ (এমপিএ), বিএসসি, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি) ও পোর্ট ব্যবহারকারীদের জন্য বন্দরের অপারেশন বিষয়ে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে আসছে। এতদব্যতীত বিভিন্ন প্রতিষ্ঠানের অনুরোধে টেইলর মেইড কোর্সের আয়োজন করে থাকে। ইকুইপমেন্ট অপারেটর ও মেকানিক এবং সার্ভিস ভেসেল এর মাস্টারদেরকে প্রফেশন্যাল ট্রেনিং প্রদান করা হয় যা তাঁদের দক্ষতা বৃদ্ধির জন্য সহায়ক। এছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বৃত্তিমূলক ও কারিগরি প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীদেরকে ইন্টারনশীপ প্রোগ্রাম ও ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টে অংশগ্রহণের সুযোগ দিয়ে থাকে।

চট্টগ্রাম বন্দরে বিভিন্ন ধরনের কন্টেইনার হ্যান্ডলিং ইকুইপমেন্ট দক্ষতার সাথে পরিচালনার জন্য চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ ইনস্টিটিউটে সিমুলেটর স্থাপন করা হয়েছে। এটি একটি সফটওয়্যার নির্ভর ট্রেনিং ইকুইপমেন্ট যার মাধ্যমে Ship to Shore Gantry Crane(STS), Rubber Tyre Gantry Crane(RTG) ও Straddle Carrier (SC) এর পরিচালনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

অভ্যন্তরীণ প্রশিক্ষণ ছাড়াও ব্যবস্থাপনা ও কারিগরি বিষয়ে অধিকতর দক্ষতা ও জ্ঞান অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণের জন্য দেশের বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউটে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর কর্মকর্তা-কর্মচারীদেরকে মনোনয়ন দেয়া হয়ে থাকে। চবক এর কর্মকর্তা-কর্মচারীদেরকে বৈদেশিক প্রশিক্ষণেও প্রেরণ করা হয়ে থাকে।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউটকে একটি আধুনিক ট্রেনিং একাডেমিতে পরিনত করার জন্য বন্দর ব্যবস্থাপনা, অপারেশন এবং বন্দর সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ মানবসম্পদ তৈরীর জন্য ডাচ গ্রান্টের আওতায় "Strengthening the Chittagong Port Authority Training Institute" শীর্ষক একটি টেকনিক্যাল এসিসটেন্স প্রকল্প মার্চ ২০১৭ হতে বাস্তবায়নাধীন আছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮২৯.১৭ লক্ষ টাকা যার মধ্যে ডাচ গ্রান্ট ৬৭৩.৯৮ লক্ষ টাকা। ২০২০ সালে প্রকল্পটির বাস্তবায়ন সমাপ্তির জন্য নির্ধারিত আছে। প্রকল্পটির আওতায় নিম্নোক্ত সুযোগ সুবিধাদি সৃষ্টি করা হচ্ছেঃ-

- চবক প্রশিক্ষণ ইনস্টিটিউটে ই-ল্যানিং প্রবর্তনের জন্য ই-ল্যানিং ল্যাব স্থাপন করা।
- বন্দরের অপারেশন, ম্যানেজমেন্ট সেইফটি ইত্যাদি বিষয়ে ই-ল্যানিং সিস্টেমে ১০ টি কোর্স চালু করা।
- ই-ল্যানিং/ডিসটেন্স ল্যানিং কোর্সে জন্য ১০ জন ট্রেনার তৈরী করন।
- সিপিএটিআই এর জন্য ওয়েব পেইজ তৈরী।
- ৩ টি বন্দরে সাথে কো-অপারেশন নেটওয়ার্ক স্থাপন।

বন্দর সম্পর্কিত ৩টি ডাচ বেসরকারী প্রতিষ্ঠানের সাথে কো-অপারেশন নেটওয়ার্ক স্থাপন।